তারিখ 20 DEC 1995
পৃষ্ঠা ৩ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

# ইসলামী ভার্সিটিতে ভর্তির তারিখ ঘোষণা

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।। ইসলামী বিশ্ববিদ্যালয়ের ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষের পরিবর্তিত ভর্তি পদ্ধতি অনুসারে ফরম বিতরণ ও ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করা হইয়াছে। আগামী ১লা জানুয়ারী হইতে ১৮ই জানুয়ারী ৯৬ পর্যন্ত ১ম বর্ষ স্নাতক (সম্মান) ও বিবিএ কোর্সে ভর্তির আবেদনপত্র গ্রহণ ও জমা দেওয়ার তারিখ নির্ধারণ করা হইয়াছে। গত ৬ই ডিসেম্বর রেজিষ্ট্রার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ সিদ্ধান্ত প্রকাশ করা হয়।

এবার ক, খ, গ, ঘ, ঙ এবং

(৭ম পৃঃ দ্রঃ)

## ইসলামী ভার্সিটি

(৩য় পৃঃ পর)

তিন চ ইউনিটসহ মোট ৬টি ইউনিটের অধীনে ১৫টি বিভাগে সর্বমোট ৯২৫ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে। তন্মধ্যে ঘ ইউনিটের অধীনে ইংরেজী ভাষা ও সাহিত্য বিভাগে ১০০ জন, নূতন চালুকৃত ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদের (চ ইউনিট) তিনটি বিভাগে (ইলেকট্রনিক্স ও ফলিত পদার্থ বিজ্ঞান, ফলিত গণিত ও কম্পিউটার বিজ্ঞান, ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি) ৩০টি করিয়া এবং বাকী ১১টি বিভাগে ৬৫ জন করিয়া ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, যে সকল ছাত্র-ছাত্রী ১৯৯৪ ও ১৯৯৫ সালের এইচ,এস-সি অথবা সমমান অথবা ফাজিল এবং এস,এস-সি অথবা সমমানের পরীক্ষায় উভয়টিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ অথবা একটিতে প্রথম বিভাগ অপরটিতে তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে তাহারাই আবেদন করিতে পারিবে। তবে 'চ' ইউনিটের বিভাগসমূহে ভর্তির জন্য প্রত্যেক ছাত্র-ছাত্রীকে উভয় পরীক্ষায় দ্বিতীয় বিভাগসহ ১১০০ নম্বর অথবা কাহারো এস,এস-সি-তে তৃতীয় বিভাগ থাকিলে এইচ এস সিতে অবশ্যই প্রথম বিভাগসহ ১১০০ নম্বর (চতুর্থ বিষয়সহ যদি থাকে) এবং উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে পৃথক পৃথকভাবে শতকরা ৪৫ নম্বর থাকিতে হইবে। উল্লেখ্য, খ ও গ ইউনিটের বিভাগ সমূহে ভর্তির জন্য বিজ্ঞান শাখার ছাত্র-ছাত্রীদের ১১০০ নম্বর এবং মানবিক ও বাণিজ্য শাখার ছাত্র-ছাত্রীদের ১০০০ নম্বর থাকিতে হইবে।

এবার মোট ১৫০ নম্বরের মধ্যে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। এবছর আবেদনপত্রের মূল্য (প্রতিটি) ১২০ টাকা হইতে কমাইয়া ৮০ টাকা করা হইয়াছে।

চলতি শিক্ষাবর্ষে খেলোয়াড় কোটার ২০ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে। তবে খেলোয়াড় হিসাবে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদেরকে ভর্তি পরীক্ষায় শতকরা ৩৩ ভাগ নম্বর পাইতে হইবে। পার্বত্য জেলা সমুহের উপজাতীয় ছাত্র-ছাত্রীদের জন্য ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদের ৩টি বিভাগের প্রত্যেকটিতে ১টি করিয়া এবং অপর ১২টি বিভাগে ২টি করিয়া আসন রাখা হইয়াছে। উল্লেখ্য, চূড়ান্ত ফলাফল তৈরীর ক্ষেত্রে প্রত্যেক ছাত্র-ছাত্রীর ভর্তি পরীক্ষার ফলাফলের সহিত এইচ, এসসি অথবা সমমানের পরীক্ষার প্রাপ্ত নম্বরের শতকরা ৫ ভাগ যোগ করা হইবে। আগামী ২৭, ২৮, ২৯, ৩০ ও ৩১শে জানুয়ারী এবং ১লা ফেব্রুয়ারী '৯৬ যথাক্রমে ক, খ, গ, ঘ, ঙ এবং চ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।